তারিখ 29 MAY 2016
পৃষ্ঠা ২৩ কলাম ৫

দৈনিক ইত্তেফাক

# মাদরাসার ছাত্রকে গলা টিপে হত্যা

■ সুন্দরগঞ্জ (গাইবান্ধা) সংবাদদাতা

উপজেলায় সীচা গ্রামের আঙ্গুর মিয়ার সীচা কেবারতিয়া দাখিল মাদরাসায় ৮ম শ্রেণিতে পড়ুয়া ছেলে লিটন (১৪) কে গলা টিপে হত্যা করেছে দূর্বৃত্তরা।

জানা গেছে, গতকাল শনিবার সকালে সীচা গ্রামের আঙ্গুর মিয়ার ছেলে লিটন মিয়াকে এলাকার কিছু সংখ্যক উর্চ্ছৃঙ্খল যুবক ক্রিকেট খেলার কথা বলে বাড়ি থেকে ডেকে নিয়ে যায়। পরে তার লাশ স্থানীয়রা সীচা চৌরাস্তার উত্তরে লাল চাঁন্দের বাঁশ ঝাড়ের ভিতরে দেখতে পায়। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে গিয়ে লাশ উদ্ধার করেন। থানা অফিসার ইনচার্জ ইসরাইল হোসেন ঘটনাস্থল পরিদর্শন করে লাশ মর্গে পাঠান।